ঢাকা বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : ২৯২

সময়— ২ ঘণ্টা ১০ মিনিট | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো ৬ টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶ আশা লি. খেলনা উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানের ব্যবস্থাপক জনাব হাসান ব্যবসায় সম্প্রসারণের জন্য নতুন তিনটি বিনিয়োগ ক্ষেত্র চিহ্নিত করেছেন; সেগুলো হলো নারকেল, টিনক্যাট ও মিকিমাউস। প্রকল্পে বিনিয়োগের জন্য জনাব হাসান ১৩% চক্রবৃদ্ধি সুদে ১০ বছরের জন্য ৩০ লক্ষ টাকা 'ক' ব্যাংক হতে ঋণ করেন। তিনি ঋণকৃত সম্পূর্ণ টাকা টিনক্যাট প্রকল্পে বিনিয়োগের জন্য পরিচালনা পর্ষদে প্রস্তাব উপস্থাপন করেন। পরিচালনা পর্ষদ জনাব হাসানের প্রস্তাব প্রত্যাখ্যান করে তিনটি প্রকল্পেই বিনিয়োগের সুপারিশ করেন।

ক. তারল্য কী? ১

খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব হাসান অর্থায়নের কোন উৎস হতে অর্থ সংগ্রহ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত পরিচালনা পর্ষদ জনাব হাসানের প্রস্তাব প্রত্যাখ্যান করে অর্থায়নের যে নীতি গ্রহণের সুপারিশ করেছেন তা বিশ্লেষণ করো। ৪

২. ▶ উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশে ক্ষুদ্র অর্থায়ন ব্যবস্থার গুরুত্ব অপরিসীম। প্রয়োজনের তাগিদেই এদেশে ক্ষুদ্র অর্থায়ন ব্যবস্থার ব্যাপক প্রসার ও বিকাশ ঘটে। সরকার নিজ উদ্যোগেই এ খাতের শৃঙ্খলা রক্ষা ও গ্রহণযোগ্য প্রবৃদ্ধি অর্জনার্থে আইন প্রণয়ন ও আইন প্রয়োগকারী সংস্থা গঠন করেছে।

ক. কল মানি রেট কী? ১

খ. মানি লন্ডারিং বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে যে ধরনের অর্থায়ন ব্যবস্থার কথা বলা হয়েছে, তা নিয়ন্ত্রণে সরকার যে পদক্ষেপ গ্রহণ করেছে তা বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত শৃঙ্খলা রক্ষায় গঠিত প্রতিষ্ঠানের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৩. ▶ টুম্পী একটি ল্যাপটপ ক্রয়ের চিন্তাভাবনা করছেন। ল্যাপটপটি ক্রয় করতে নগদ ৮০,০০০ টাকা প্রয়োজন। টুম্পী ল্যাপটপ ক্রয়ের জন্য দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হল সম্পূর্ণ অর্থ নগদে পরিশোধ করে দেওয়া, দ্বিতীয় বিকল্প হল ৪০% নগদে এবং বাকি টাকা বার্ষিক ৪,৮০০ টাকা কিস্তিতে ১০ বছরে পরিশোধ করে দেওয়া। এক্ষেত্রে টুম্পীর সুযোগ ব্যয় ১২%।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়ে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত টুম্পী যে বার্ষিক কিস্তি প্রদান করবেন তার বর্তমান মূল্য কত? ৩

ঘ. টুম্পীর কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? ৪

৪. ► একটি শার্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিটি শার্টের বিক্রয়মূল্য ৪৫০ টাকা। প্রতিষ্ঠানের স্থিরব্যয় ১০,০০,০০০ টাকা। প্রতিটি শার্টের পরিবর্তনশীল ব্যয় ২০০ টাকা। মুনাফা বৃদ্ধির কৌশল হিসেবে প্রতিষ্ঠানের ব্যবস্থাপক জনাব মিঠু আগামী বছর প্রতিটি শার্টের বিক্রয়মূল্য ৫০ টাকা কমিয়ে বিক্রয়ের সিদ্ধান্ত নিলেন এবং ৮০০০ টি শার্ট বিক্রয় করে ১০,০০,০০০ টাকা মুনাফা অর্জনের পরিকল্পনা গ্রহণ করেছেন।

ক. ফ্রি নগদ প্রবাহ কী? ১

খ. সমচ্ছেদ বিন্দুর ওপর প্রভাব বিস্তারকারী উপাদানগুলো কী কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত স্বাভাবিক অবস্থায় কত টাকার শার্ট বিক্রয় করলে প্রতিষ্ঠানের লাভ-ক্ষতি কিছুই হবে না নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত পরিবর্তিত পরিস্থিতিতে মিঠুর পরিকল্পনা বাস্তবায়ন সম্ভব কি না গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৫. ► মুন কোম্পানি লি. এর পণ্যের বার্ষিক চাহিদা ৩,০০,০০০ একক। প্রতিটি ফরমায়েশ সম্পন্ন করতে ব্যয় হয় ৫০০ টাকা। বহন খরচ এককপ্রতি ১২ টাকা। প্রতিষ্ঠানটির ধারে বিক্রয়কৃত পণ্যের মূল্য আদায় করতে গড়ে ৬৫ দিন সময় লাগে। বাকিতে ক্রয়কৃত পণ্যের মূল্য পরিশোধ করে গড়ে ৪৫ দিনে। প্রতিষ্ঠানটির মজুদ পণ্যের গড় অবস্থান ৩৫ দিন। বার্ষিক নগদ বহিঃপ্রবাহ ১ কোটি টাকা। প্রতিষ্ঠানটির ব্যবস্থাপক ন্যূনতম নগদ পরিমাণ ১৫ লক্ষ টাকা রাখার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. ব্যবসায় ঋণ কী? ১

খ. মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানের মোট মজুদ ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যবস্থাপকের সিদ্ধান্ত গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৬. ► জনাব রিয়াজুল তার ২৫টি বন্ড বিক্রয় করে ১২% সুদে যমুনা ব্যাংকে স্থায়ী আমানতে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। প্রতি বন্ডের অভিহিত মূল্য ছিল ২,৫০০ টাকা। বাৎসরিক সুদের পরিমাণ ১২%, মেয়াদ ১২ বছর। বন্ডগুলো তিনি প্রতিটি ২,৮০০ টাকায় বিক্রয় করেন।

ক. জিরো কুপন বন্ড কী? ১

খ. ইল্ড টু কল (YTC) বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বন্ডগুলো কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. বন্ডগুলোর মেয়াদপূর্তিতে আয় হারের ভিত্তিতে জনাব রিয়াজুলের বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন করো। ৪

৭. ▶ আকাশ কোম্পানির মূলধন কাঠামো এবং মূলধনের পরিমাণ নিম্নরূপ:

বিবরণ	মূলধনের পরিমাণ
সাধারণ শেয়ার মূলধন [প্রতিটি ১০০ টাকা]	৪,০০,০০,০০০
১২% অগ্রাধিকার শেয়ার মূলধন	৩,০০,০০,০০০
১৫% ঋণকৃত মূলধন	৩,০০,০০,০০০
মোট	১০,০০,০০,০০০

কোম্পানির সাধারণ শেয়ার প্রতিটি বর্তমানে ১২০ টাকায় বিক্রয় হচ্ছে। শেয়ারপ্রতি প্রত্যাশিত লভ্যাংশের পরিমাণ ১০ টাকা। প্রবৃদ্ধির হার ৫%। কোম্পানির করের হার ৪০%। প্রত্যাশিত সামগ্রিক মূলধন ব্যয় ১২.১৫%।

ক. মূলধন ব্যয় কী? ১
খ. নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানের সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত তথ্যের ভিত্তিতে প্রতিষ্ঠানের সামগ্রিক মূলধন ব্যয় হ্রাস করা সম্ভব কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৮. ▶ অনাম সাগর একটি নতুন বিনিয়োগ প্রকল্প গ্রহণ করবে যার জন্য একটি মেশিন ক্রয় করতে হবে। মেশিনটির ক্রয়মূল্য ১,০০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৫ বছর। প্রতিষ্ঠানের করের হার ৪০%। উক্ত বিনিয়োগ হতে আগামী ৫ বছর করপূর্ব আন্তঃপ্রবাহ হবে যথাক্রমে ৪০,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৪০,০০০ টাকা, ৪৫,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা।

ক. আয়-ব্যয় হার কী? ১
খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রকল্পের গড় মুনাফা হার (ARR) নির্ণয় করো। ৩
ঘ. অনাম সাগরের জন্য NPV এর ভিত্তিতে নতুন প্রকল্পে বিনিয়োগ যুক্তিযুক্ত কি না? বিশ্লেষণ করো। ৪

৯. ▶ সিকিউরিটি A ও B এর উপার্জন হার ও সম্ভাবনা বিন্যাস নিম্নরূপ:

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	সিকিউরিটি A	সিকিউরিটি B
চাঙ্গা	০.২৫	১২%	১৪%
স্বাভাবিক	০.৫০	১০%	১১%
মন্দা	০.২৫	১৪%	১৪%

ক. কোম্পানি ঝুঁকি কী? ১
খ. পোর্টফোলিও নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত সিকিউরিটি A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত কোন সিকিউরিটিতে একজন বিনিয়োগকারীর জন্য বিনিয়োগ কম ঝুঁকিপূর্ণ, বিভেদাঙ্ক নির্ণয়ের মাধ্যমে বিশ্লেষণ করো। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২ ৯ ২

সময় : ৪০ মিনিট পূর্ণমান— ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. নতুন শেয়ার ইস্যু কোন ধরনের কার্যাবলির অন্তর্ভুক্ত?
ⓚ অনগদ ⓛ বিনিয়োগ
ⓜ অর্থায়ন ⓝ পরিচালন

২. সমআকার আর্থিক বিবরণী বিশ্লেষণ হলো—
i. সমআকার আয় বিবরণী বিশ্লেষণ
ii. সমআকার উদ্বৃত্তপত্র বিশ্লেষণ
iii. সমচ্ছেদ বিশ্লেষণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।
AB লি. খেলনা প্রস্তুতকারী একটি প্রতিষ্ঠান। একক প্রতি ৯০ টাকা দরে বিক্রয় করে। যার একক প্রতি কাঁচামাল ও শ্রম ব্যয় ৫০ টাকা এবং বার্ষিক স্থির ব্যয় ১,৮০,০০০ টাকা।

৩. প্রতিষ্ঠানটির সমচ্ছেদ বিক্রয় একক কত?
ⓚ ২,০০০ ⓛ ৩,৬০০
ⓜ ৪,৫০০ ⓝ ৬,০০০

৪. যদি ১,২০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চায় তবে AB লি. কে কত টাকার পণ্য বিক্রয় করতে হবে?
ⓚ ৩,০০,০০০ ⓛ ৪,২০,০০০
ⓜ ৬,৭৫,০০০ ⓝ ৭,২৫,০০০

৫. কোম্পানির জন্য কোন বিবরণী প্রস্তুত করা বাধ্যতামূলক নয়?
ⓚ কার্যপত্র
ⓛ আয় বিবরণী
ⓜ নগদ প্রবাহ বিবরণী
ⓝ উদ্বৃত্তপত্র

৬. স্বল্পমেয়াদি অর্থায়নের অপ্রাতিষ্ঠানিক উৎস কোনটি?
ⓚ প্রাপ্য বিল বাট্টাকরণ
ⓛ স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ
ⓜ বাণিজ্যিক কাগজ
ⓝ ক্রেতা হতে অগ্রিম

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।
থিনিয়াস কলপেন কোম্পানি সাধারণত কাঁচামাল ক্রয় করে ২৫ দিন পর তার মূল্য পরিশোধ করে এবং সম্পূর্ণ তৈরিকৃত পণ্য কাস্টমারদের নিকট বাকিতে বিক্রয় করে ৬৫ দিন পর তা আদায় করে। আরো দেখা যায় যে, মজুদ পণ্যে গড় অবস্থানকাল অর্থাৎ কাঁচামালকে উৎপাদিত পণ্যে রূপান্তর ও বিক্রয় করতে সময় লাগে ৮০ দিন।

৭. থিনিয়াস কলপেন কোম্পানির নগদ রূপান্তর চক্র কত দিন?
ⓚ ১০০ ⓛ ১২০
ⓜ ১৩০ ⓝ ১৪০

৮. উদ্দীপকে উল্লিখিত কোম্পানির নগদ আবর্তন কত বার?
ⓚ ১ ⓛ ২ ⓜ ৩ ⓝ ৪

৯. অর্থ সংস্থানের দীর্ঘমেয়াদি উৎস হলো—
i. মালিকের নিজস্ব তহবিল
ii. বন্ধু-বান্ধব থেকে গৃহীত ঋণ
iii. দেশীয় মহাজন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii
ⓜ iii ⓝ i, ii ও iii

১০. এবিসি কোম্পানীর পুনঃ ফরমায়েশ মজুত স্তর ৫০,০০০ একক প্রতিমাসে স্বাভাবিক মজুত ব্যবহার গড়ে ৯,০০০ একক। এবং মজুত পাওয়ার লিড টাইম ২-৬ মাস। কোম্পানির সর্বনিম্ন মজুত স্তর কত একক?
ⓚ ৪,০০০ ⓛ ১৪,০০০
ⓜ ৩২,০০০ ⓝ ৪১,০০০

১১. কোন বন্ডের ক্ষেত্রে ঋণদাতার নাম ও ঠিকানা ইত্যাদি লিখিত থাকে?
ⓚ বাহক বন্ড ⓛ ইনকাম বন্ড
ⓜ জিরো কুপন বন্ড ⓝ নিবন্ধিত বন্ড

১২. বাংলাদেশের শেয়ারবাজারের স্পর্শকাতর বিষয়গুলো হলো—
i. ফটকাবাজদের দৌরাত্ম্য
ii. স্টক এক্সচেঞ্জের ব্যবস্থাপনা
iii. আমদানি রপ্তানি নীতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৩. নিচের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত?
ⓚ যে প্রকল্পের IRR সর্বনিম্ন
ⓛ যে প্রকল্পের NPV সর্বাধিক
ⓜ যে প্রকল্পের ARR সর্বনিম্ন
ⓝ যে প্রকল্পের পেব্যাক সময় সর্বাধিক

উদ্দীপকটি পড়ো এবং ১৪নং প্রশ্নের উত্তর দাও।
RFL পাইপ লি. বর্তমানে বাংলাদেশের নামি দামি পাইপ উৎপাদনকারী প্রতিষ্ঠান। তারা দীর্ঘমেয়াদি অর্থায়নের উদ্দেশ্যে ১০ বছর মেয়াদি ২,০০০ টাকা অভিহিত মূল্যের একটি বন্ড ইস্যু করে। বর্তমানে বন্ডটি ১,৫০০০ টাকায় বিক্রয় হচ্ছে। বন্ডের কুপন সুদের হার ১২%

১৪. RFL পাইপ লি. কর্তৃক ইস্যুকৃত বন্ডটির নাম কী?
ⓚ কুপন বন্ড ⓛ ট্রেজারি বন্ড
ⓜ কর্পোরেট বন্ড ⓝ মর্টগেজ বন্ড

১৫. মেয়াদ পূর্তিতে বন্ডটির আয়ের হার কত?
ⓚ ১২% ⓛ ১৫.৫০%
ⓜ ১৬.৫৭% ⓝ ১৭.৫৭%

১৬. CAPM মডেলে কত ধরনের ঝুঁকি বিবেচনা করা হয়?
ⓚ ১ ⓛ ২ ⓜ ৩ ⓝ ৪

১৭. কোন মূলধনের ব্যয়কে সুযোগ ব্যয় বলে?
ⓚ সাধারণ শেয়ার মূলধন
ⓛ অগ্রাধিকার শেয়ার মূলধন
ⓜ ঋণ মূলধন
ⓝ সংরক্ষিত মূলধন

১৮. প্রতিটি যৌথ মূলধনী কোম্পানীর মূলধনের প্রধান উৎস হলো—
ⓚ ঋণপত্র ইস্যু ⓛ অগ্রাধিকার শেয়ার ইস্যু
ⓜ রাইট শেয়ার ইস্যু ⓝ সাধারণ শেয়ার ইস্যু

১৯. CAPM এর সাহায্যে ইকুইটি মূলধনের ব্যয় নির্ণয়ের ক্ষেত্রে বিবেচনা করা হয়—
i. বাজার আয়ের হার
ii. কর হার
iii. ঝুঁকিমুক্ত আয়ের হার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২০. আনিস কোম্পানী লিমিটেডের চিরস্থায়ী বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা। নিট বিক্রয় মূল্য ৯৮০ টাকা এবং কুপন রেট ১০%। কর হার ৪০%। কর পরবর্তী ঋণ মূলধনের ব্যয় কত?
ⓚ ৬.১২% ⓛ ৭%
ⓜ ৮% ⓝ ১০%

২১. যে ক্ষেত্রে একটি প্রকল্প গ্রহণ করা হলে অপর প্রকল্পটি অবশ্যই বাতিল করতে হবে তাকে কি বলে?
ক) স্বাধীন প্রকল্প খ) পরিপূরক প্রকল্প
গ) পরস্পর বর্জনশীল প্রকল্প ঘ) নির্ভরশীল প্রকল্প

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।

সুজন একটি নতুন প্রকল্পে বিনিয়োগ করার কথা ভাবছে। তিনি আর্থিক ব্যবস্থাপক জনাব হৃদিককে প্রকল্পের লাভজনকতা বিচার করার দায়িত্ব দিলেন। জনাব হৃদির বিনিয়োগের পক্ষে সুপারিশ করলেন এবং নিশ্চিত করলেন ৩ বছরের মধ্যে বিনিয়োগকৃত মূলধন ফেরত আসবে।

২২. জনাব হৃদির কোন পদ্ধতিটি ব্যবহার করে বিনিয়োগের পক্ষে সুপারিশ করলেন?
ক) আন্তঃ আয় হার খ) নিট বর্তমান মূল্য
গ) পে-ব্যাক সময় ঘ) গড় মুনাফার হার

২৩. জনাব হৃদির যে পদ্ধতিটি ব্যবহার করেছে তার সীমাবদ্ধতা হলো—
i. এটি অর্থের সময় মূল্য বিবেচনা করে না
ii. এটি নগদ প্রবাহ বিবেচনা করে না
iii. এটি প্রাথমিক বিনিয়োগ বিবেচনা করে না
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. মূলধন বাজেটিং-এর যে সকল পদ্ধতিতে অর্থের সময় মূল্য বিবেচনা করা হয় তা হলো—
i. পে-ব্যাক সময় ii. নিট বর্তমান মূল্য
iii. আন্তঃআয় হার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. আরিফ ও তারিক দুই বন্ধু মিলে একটি মৎস খামার প্রকল্প করার চিন্তা-ভাবনা করছেন। মূলধন বাজেটিং এর সাহায্যে নিচের কোন সিদ্ধান্ত নিবেন?
ক) খামারের জন্য জমি ক্রয়
খ) মাছের পোনা ক্রয়
গ) মাছের খাদ্য ক্রয়
ঘ) খামার রক্ষণাবেক্ষণ ব্যয়

২৬. কোন ক্ষেত্রে ব্যবসায় প্রতিষ্ঠানে ঝুঁকির তাৎপর্যপূর্ণ ভূমিকা রয়েছে?
ক) সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে
খ) পরিকল্পনা প্রণয়নে
গ) পরিচালনার ক্ষেত্রে
ঘ) মূলধন সংগ্রহে

উদ্দীপকটি পড়ো এবং ২৭নং প্রশ্নের উত্তর দাও।

জনাব হাসান সবুজ লি. এর প্রতিটি শেয়ার ১৫০ টাকা করে ক্রয় করে ১ বছর পর তা ২০০ টাকা করে বিক্রয় করে। উক্ত বছরে কোম্পানি শেয়ারপ্রতি ১৫ টাকা লভ্যাংশ প্রদান করে।

২৭. জনাব হাসানের বিনিয়োগ হতে শেয়ার প্রতি মোট মুনাফা কত টাকা?
ক) ৫০ টাকা খ) ৬৫ টাকা
গ) ১৫০ টাকা ঘ) ২০০ টাকা

২৮. অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করার প্রক্রিয়াকে কী বলে?
ক) চক্রবৃদ্ধিকরণ খ) বাট্টাকরণ
গ) বর্তমান মূল্য ঘ) ভবিষ্যৎ মূল্য

২৯. নিচের কোনটি সরকারি অর্থায়নের উৎস বহির্ভূত?
ক) আয়কর খ) আমদানি শুল্ক
গ) রপ্তানি শুল্ক ঘ) শেয়ার বিক্রয়

৩০. অর্থায়নের বিবেচ্য বিষয়—
i. অর্থের পরিমাণ ii. অর্থের উৎসসমূহ
iii. অর্থ সংগ্রহ ও সঠিক ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩১. তারল্য ও দেউলিয়াত্ব ঝুঁকির মধ্যে সম্পর্ক হচ্ছে—
ক) ধনাত্মক খ) ঋণাত্মক
গ) নিরপেক্ষ ঘ) আনুপাতিক

৩২. বাংলাদেশের স্বাধীনতা লাভের পর কত সালে পুনরায় শেয়ারবাজারের কার্যক্রম শুরু হয়?
ক) ১৯৭২ খ) ১৯৭৪
গ) ১৯৭৬ ঘ) ১৯৮৩

৩৩. মুনাফার একটি অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন না করে প্রতিষ্ঠানে জমা রাখা হলে তাকে বলা হয়—
ক) লভ্যাংশ খ) নিট মুনাফা
গ) শেয়ার প্রতি আয় ঘ) সংরক্ষিত মুনাফা

৩৪. মানি লন্ডারিং সংগঠিত হওয়ার উপায় হল—
i. প্লেসমেন্ট ii. লিয়ারেজ
iii. ইন্টিগ্রেশন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৫. অর্থায়নের প্রথম কাজ কোনটি?
ক) তহবিল সংগ্রহ খ) তহবিল বণ্টন
গ) মূলধন সংরক্ষণ
ঘ) স্বল্পমেয়াদি সম্পদ ব্যবস্থাপনা

৩৬. কার্যকরী সুদের হার নির্ণয়ের সূত্র কোনটি?
ক) $EIR = (1+i)^n - 1$
খ) $EIR = \left(1+\frac{i}{m}\right)^m - 1$
গ) $EIR = \left(1+\frac{i}{m}\right)^{mn} - 1$
ঘ) $EIR = \left(1+\frac{i}{m}\right)^n - 1$

৩৭. ঋণ পরিশোধ কিস্তিতে থাকে—
i. সুদের পরিমাণ ii. মোট সুদের পরিমাণ
iii. আসল পরিশোধ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৮. সুদাসলের ওপর প্রদান করা হয় নিচের কোনটি?
ক) সরল সুদ খ) চক্রবৃদ্ধি সুদ
গ) মোট সুদ ঘ) নিট সুদ

উদ্দীপকটি পড়ো এবং ৩৯নং প্রশ্নের উত্তর দাও।

জনাব রফিক আগামী দু-বছর পরে অবসর গ্রহণ করবেন। তখন থেকে তিনি প্রতি বছর শেষে ১০,০০০ টাকা পেনশন পাবেন। সুদের হার ১০%।

৩৯. জনাব রফিক এর পেনশন কোন ধরনের নগদ প্রবাহ?
ক) সাধারণ বার্ষিক বৃত্তি
খ) আন্তঃবার্ষিক বৃত্তি
গ) বিলম্বিত বার্ষিক বৃত্তি
ঘ) চিরস্থায়ী বার্ষিক বৃত্তি

উদ্দীপকটি পড়ো এবং ৪০ নং প্রশ্নের উত্তর দাও।

৫০ বছর বয়সে চাকুরিজীবী জনাব হায়দার ভবিষ্যতের জন্য চিন্তা করে বছরে ৬,০০০ টাকা করে ১০% চক্রবৃদ্ধি সুদে জমানোর সিদ্ধান্ত নিলেন।

৪০. ৬০ বছর পরে জনাব হায়দার মোট কত টাকা পাবেন?
ক) ৯০,৬৫০ টাকা খ) ৯২,৫২৫ টাকা
গ) ৯৫,৬২৫ টাকা ঘ) ৯৮,২৫০ টাকা

উত্তরমালা	১	খ	২	ক	৩	ঘ	৪	গ	৫	ক	৬	ঘ	৭	খ	৮	গ	৯	ক	১০	ঘ	১১	ঘ	১২	ক	১৩	খ	১৪	গ	১৫	গ	১৬	ক	১৭	ঘ	১৮	ঘ	১৯	গ	২০	ক
	২১	ঘ	২২	খ	২৩	ঘ	২৪	গ	২৫	ক	২৬	ক	২৭	খ	২৮	ক	২৯	ঘ	৩০	ঘ	৩১	ঘ	৩২	গ	৩৩	ঘ	৩৪	খ	৩৫	ক	৩৬	খ	৩৭	খ	৩৮	গ	৩৯	গ	৪০	খ